# SATISH CHANDRA MEMORIAL SCHOOL

## ASSERTION REASONING TEST

## CLASS-VIII

## Subject: Bengali

**TIME: 40 Mins.** **F.M.20**

ক) নিচের অনুচ্ছেদটি পড়ে সঠিক উত্তর নির্বাচনের মাধ্যমে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও। **(1×5)**

আমাদের দেশে কিছু পোকা দেখতে পাওয়া যায়, সাধারণভাবে তারা কানকোটারি নামে পরিচিত। এরা নাকি সুবিধা পেলেই মানুষের কানের মধ্যে ঢুকে পড়ে এবং অঙ্গ-প্রত্যঙ্গের সাহায্যে কর্মকটহ  কুরে কুরে খায়। এই প্রকার অদ্‌ভুত ধারণা থেকেই এরা কানকোটারি নামে পরিচিত হয়েছে। কিন্তু প্রকৃত প্রস্তাবে এই সকল ধারণার কোন ভিত্তিই নেই। এগুলোকে অতি নিরীহ প্রাণী বলা যেতে পারে ।এরা কাউকে কামড়ায় না। নিরীহ প্রাণী হলেও ভ্রান্ত ধারণার বশবর্তী হয়ে অনেকেই এদের প্রতি বিদ্বেষ পোষণ করে থাকে। ডালিয়া , ফ্রকস কারেকশন অন্যান্য বাহারে ফুলের পাপড়ি এবং বিভিন্ন জাতীয় ফলমূল অনেক সময় পোকায় কেটে নষ্ট করে । বাগানের মালিদের জিজ্ঞেস করলে তারা এক বাক্যে বলবে যে এটা কানকোটারির কাজ। প্রমাণ স্বরূপ তারা হয়তো দু একটা ফুল ঝেড়ে তা থেকেও দু-একটা কানকোটারি বের করে দেখাতে পারে। এগুলোকে ফলের গায়ে ছিদ্রের মধ্যে অথবা ফুলের পাপড়ির মধ্যে দেখতে পাওয়া সম্পূর্ণ স্বাভাবিক। কানকোটারি রাত্রিচর প্রাণী। দিনের বেলায় এরা গর্তের মধ্যে বা কোন কিছুর আড়ালে আত্মগোপন করে থাকে। এবং রাতের বেলায় আহহারান্য সনে বহির্গত হয় কাজেই এদের ফুলের পাপড়ির আড়ালে অথবা ফলের গায়ে গর্তের মধ্যে অনেক সময় দেখতে পাওয়া যায়। অন্যান্য পোকারা ফুলের পাপড়ি কেটে বা ফলের গায়ে ছিদ্র করে চলে যায় ।সেই সকল ছিদ্রে কান কোটারিরা আশ্রয় গ্রহণ করে থাকে।

i) মন্তব্য :কানকোটারি দিনের বেলায় গর্তের মধ্যে আত্মগোপন করে থাকে।
কারণ (ক) :এরা দিনের বেলায় অন্যান্য পোকাদের অত্যাচারের হাত থেকে বেঁচে থাকার জন্য গর্তের মধ্যে আত্মগোপন করে থাকে ।
কারণ (খ): এরা নিশাচর প্রাণী তাই রাত্রিবেলা খাবারের সন্ধানে বের হয়।
কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য?
a)কারণ (ক)সঠিক কিন্তু কারণ (খ) ভুল।
b)কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক।
c)কারণ (ক) এবং কারণ (খ) দুটোই ভুল।
d) কারণ (ক) এবং কারণ (খ) দুটোই ঠিক।

ii) মন্তব্য:কানকোটারি পোকাকে নিরীহ প্রাণী বলা যেতে পারে।
কারণ (ক): এরা কাউকে কামড়ায় না।
কারণ (খ): অন্যরা এদের প্রতি বিদ্বেষ পোষণ করে।

কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য?
a)কারণ (ক) সঠিক কিন্তু কারণ (খ) ভুল।
b)কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক।
c) কারণ (ক) এবং কারণ (খ) দুটোই ভুল।
d)কারণ (ক) এবং কারণ (খ) দুটোই ঠিক।

iii) মন্তব্য :কানকোটারি রাত্রিচর প্রাণী ।
কারণ (ক): দিনের বেলায় গর্তে আত্মগোপন করে থাকে এবং রাতের বেলায় আহার অন্বেষণে বের হয়।
কারণ (খ): রাতের বেলা আহার অন্বেষণে বেরিয়ে ফলের গায়ে ছিদ্র করে চলে যায়।
i )মন্তব্য ভুল কারণ (ক) এবং কারণ (খ) সঠিক।
ii) মন্তব্য ঠিক কারণ (ক) এবং কারন (খ) উভয়ই ভুল।
iii)  মন্তব্য সঠিক কারণ (ক) সঠিক কারণ (খ) ভুল।
iv)মন্তব্য সঠিক কারণ (ক) সঠিক (খ) ভুল।

IV) মন্তব্য:পোকাগুলি সাধারণভাবে কানকোটারি নামে পরিচিত।
কারণ (ক): তারা মানুষের কানে বসবাস করে।
কারণ (খ): মানুষের কানের কর্মকটহ কুরে কুরে খায়।
i)মন্তব্য সঠিক, কারণ (ক) এবং (খ) দুটি সঠিক।
ii) মন্তব্য সঠিক ,কারণ (ক) ঠিক কারণ (খ) ভুল।
iii)মন্তব্য সঠিক , কারণ (ক) এবং কারণ (খ) উভয়ই ভুল।
iv) মন্তব্য ভুল ,কারণ (ক) এবং (খ) উভয় ভুল।

V) লেখাটির মূল উদ্দেশ্য, কানকোটারি পোকা সম্পর্কে আমাদের -
a)সাবধান করা।
b)উত্তেজিত করা।
c)ভুল ধারণা দূর করা।
d) আগ্রহ দূর করা।

**খ)** সঠিক উত্তর নির্বাচনের মাধ্যমে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও। **(1×5)**

i) মন্তব্য: মাছের নিষ্পলক চোখ গুলিকে স্বচ্ছ নীলাভ মনির মত দেখায়।
কারণ (ক): মাছগুলির চোখে নীল রংয়ের মনি থাকে।
কারণ (খ): ইলিশ মাছের চোখের মনির রং নীল।
a)মন্তব্য সঠিক, কারণ (ক) সঠিক (খ) ভুল।
b)মন্তব্য সঠিক, কারণ (ক) ভুল (খ) সঠিক।
c) মন্তব্য ভুল ,কারণ (ক)ভুল কারণ (খ)ঠিক।

d) মন্তব্য সঠিক, কারণ (ক) এবং (খ) দুটিই ঠিক।

ii) মন্তব্য:সারাটা বছর তাকে পদ্মার মাছের ওপরই নির্ভর করিয়া থাকিতে হইবে।
কারণ (ক) পদ্মায় মাছ ধরা ছাড়া অন্য কোন কাজ তার জানা ছিল না।
কারণ (খ) সে পদ্মা তীরবর্তী গ্রামে বসবাস করত।
a)মন্তব্য এবং (ক)ও (খ) দুটিই সঠিক।
b) মন্তব্য সঠিক, কারণ (ক) সঠিক কারণ (খ) ভুল।
c) মন্তব্য ভুল, কারণ (ক) সঠিক কারণ (খ) ভুল।
d)মন্তব্য ভুল, কারণ (ক) এবং কারণ (খ) সঠিক।

iii ) "সাজের দরটা জিগা দেখি কুবের"----বক্তব্যটির অর্থ হল:
a)সাজগোজের জিনিসের দাম কেমন তা জানতে চাওয়া।
b)সন্ধ্যেবেলায় মাছের দাম কেমন ছিল তা জানতে চাওয়া।
c)সন্ধ্যেবেলায় মাছের দাম কেমন ছিল তা বলা।
d)সন্ধ্যেবেলায় বাজারে মাছের দর কেমন ছিল তা কুবেরের মাধ্যমে জেনে নেওয়া।

iv) মন্তব্য :জোর বাতাসেও নৌকার চিরস্থায়ী গাঢ় আশটে গন্ধ উড়াইয়া লইয়া যাইতে পারে না।
কারণ (ক): নৌকাটা কখনোই পরিষ্কার করা হয় না।
কারণ (খ): নৌকাটায় সব সময় মাছ ধরে জমা রাখা হয় ।
a)মন্তব্য ভুল, কারণ (ক) এবং কারণ (খ) ভুল।
b)মন্তব্যটি ঠিক, কারণ (ক) ঠিক (খ) ভুল।
c)মন্তব্য ঠিক , কারণ (ক) এবং কারণ (খ) উভয়ই ঠিক।
d) মন্তব্য ঠিক, কারণ (ক) ভুল  কারণ (খ) ঠিক।

v) নৌকা এবং জালের মালিক ছিল :
a) ধনঞ্জয় ও যদু
b) কুবের ও ধনঞ্জয়
c) কুবেরও যদু
d) ধনঞ্জয়

**গ) সঠিক উত্তর নির্বাচনের মাধ্যমে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।** **(1×10)**

1. মন্তব্য : শির: + ছেদ সন্ধি করলে হয় শিরশ্ছেদ
   কারণ (ক) বিসর্গের পরে চ বা ছ থাকলে বিসর্গ স্থানে শ হয়।
   কারণ (খ) এটি র জাত বিসর্গের উদাহরণ।
   A) মন্তব্য ঠিক, কারণ (ক) ঠিক।
   B) মন্তব্য ঠিক, কারণ (খ) ঠিক।
   C) মন্তব্য ঠিক, কারণ (ক) ও (খ) ঠিক।
   D) মন্তব্য ভুল, কারণ (ক) ঠিক।

2. মন্তব্য : র পরে থাকলে পূর্ববর্তী বিসর্গ লোপ পায় এবং বিসর্গের পূর্বে অবস্থিত স্বর দীর্ঘ হয়
উদাহরণ : (ক) নি: +অবধি = নিরবধি
উদাহরণ : (খ) নি: +রক্ত = নীরক্ত

A) মন্তব্য ঠিক উদাহরণ (ক) ঠিক। B) মন্তব্য ঠিক উদাহরণ (খ) ঠিক।
C) মন্তব্য ঠিক উদাহরণ (ক) ও (খ) ঠিক। D) মন্তব্য ভুল উদাহরণ (ক) ঠিক।

3. মন্তব্য : 'সততা সর্বোৎকৃষ্ট পন্থা'– এখানে 'সততা' হল ক্রিয়াবাচক বিশেষ্য।
কারণ (ক) সততা পদ টি দ্বারা কোনো কাজের নামকে বোঝাচ্ছে।
কারণ (খ) সততা পদটি দ্বারা কোনো ভাব, গুণ বা অবস্থাকে বোঝাচ্ছে।

A) মন্তব্য ঠিক, কারণ (ক) ঠিক। B) মন্তব্য ঠিক, কারণ (খ) ঠিক।
C) মন্তব্য ভুল, কারণ (ক) ঠিক। D) মন্তব্য ভুল, কারণ (খ) ঠিক।

4. মন্তব্য : 'বলিয়া লাভ নাই'– এখানে 'বলিয়া' হল অসমাপিকা ক্রিয়া।
কারণ: যে ক্রিয়ার দ্বারা কোনো কাজ সম্পূর্ণ হয় না তাকে অসমপিকা ক্রিয়া বলে।

A) মন্তব্য ঠিক, কারণ ঠিক। B) মন্তব্য ভুল কারণ ঠিক।
C) মন্তব্য ভুল, কারণ ঠিক। D) মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

5. মন্তব্য : বাবা আমাকে একটি ছবির বই দিয়েছিলেন। এই বাক্যে 'আমাকে' হল গৌণ কর্ম আর 'ছবির বই' হল মুখ্য কর্ম।
কারণ (ক) অপ্রাণীবাচক কর্মকে মুখ্য কর্মএবং প্রাণীবাচক কর্মকে গৌণ কর্ম বলে।
কারণ (খ) অপ্রাণীবাচক কর্মকে গৌণ কর্মএবং প্রাণীবাচক কর্মকে মুখ্য কর্ম বলে।

A) মন্তব্য ঠিক, কারণ (ক) ঠিক। B) মন্তব্য ঠিক, কারণ (খ) ঠিক।
C) মন্তব্য ভুল, কারণ (ক) ঠিক। D) মন্তব্য ভুল, কারণ (খ) ঠিক।

6. মন্তব্য : 'গুনগুন' শব্দটি হল একটি ধ্বন্যাত্মক শব্দ।
কারণ (ক) একটি সার্থক শব্দের পাশে তারই অনুকরণে একটি নিরর্থক শব্দ বসেছে।
কারণ (খ) ধ্বনির অনুকরণে শব্দটি গঠিত হয়েছে।

A) মন্তব্য ঠিক, কারণ (ক) ঠিক। B) মন্তব্য ঠিক, কারণ (খ) ঠিক।
C) মন্তব্য ভুল, কারণ (ক) ঠিক। D) মন্তব্য ভুল, কারণ (খ) ঠিক।

7. মন্তব্য : দৃশ + তব্য= দ্রষ্টব্য। দ্রষ্টব্য একটি কৃদন্ত শব্দ
কারণ (ক) দৃশ শব্দমূলের সঙ্গে তব্য প্রত্যয় যুক্ত হয়েছে।
কারণ (খ) দৃশ ধাতুর সঙ্গে তব্য প্রত্যয় যুক্ত হয়েছে।

A) মন্তব্য ঠিক, কারণ (ক) ঠিক। B) মন্তব্য ঠিক, কারণ (খ) ঠিক।
C) মন্তব্য ভুল, কারণ (ক) ঠিক। D) মন্তব্য ভুল, কারণ (খ) ঠিক।

8. মন্তব্য : 'আমাকে দুটি টাকা ধার দিন না'। বাক্যটি একটি নির্দেশক বাক্যের উদাহরণ
কারণ - বাক্যটির দ্বারা আদেশ অনুরোধ ইত্যাদি বোঝাচ্ছে।

A) মন্তব্য ঠিক, কারণ ঠিক। B) মন্তব্য ঠিক, কারণ ঠিক।

C) মন্তব্য ভুল, কারণ ঠিক। D) মন্তব্য ভুল, কারণ ঠিক।

9. সংজ্ঞা : যে সমাসে পূর্বপদে বিভক্তি বা বিভক্তিস্থানীয় অনুসর্গ লোপ এবং পরপদের অর্থ প্রাধান্য পায় তাকে বলে তৎপুরুষ সমাস।

উদাহরণ - (ক) ভিক্ষা লব্ধ অন্ন = ভিক্ষান্ন

উদাহরণ - (খ) পিতার গৃহ = পিতৃগৃহ

A) উদাহরণ (ক) ঠিক উদাহরণ (খ) ভুল। B) উদাহরণ (খ) ঠিক উদাহরণ (ক) ভুল।

C) উদাহরণ (ক) ও উদাহরণ (খ) দুটোই ঠিক। D) উদাহরণ (ক) ও উদাহরণ (খ) দুটোই ভুল।

10. মন্তব্য : দশ আনন যার = দশানন (রাবণ) এটি একটি বহুব্রীহি সমাসের উদাহরণ।

কারণ- এই সমাসে পূর্বপদ বা পরপদের অর্থ প্রাধান্য পাচ্ছে না তৃতীয় একটি পদের প্রাধান্য পাচ্ছে।

A) মন্তব্য ঠিক, কারণ ঠিক। B) মন্তব্য ঠিক, কারণ ঠিক।

C) মন্তব্য ভুল, কারণ ঠিক। D) মন্তব্য ভুল, কারণ ঠিক।